

# ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি

## খিদমাহ কার্ডধারীদের জন্য EzzyBuy (0% EMI)- প্রশ্নাত্তর (FAQ)

### ১. IBBPLC EzzyBuy বলতে কী বোঝায়?

উত্তর: EMI (Equal Monthly Installment) অর্থ হলো—কোনো পণ্যের মূল্য সমান মাসিক কিস্তিতে পরিশোধের সুবিধা। এই পদ্ধতিতে মার্চেট একবারেই পুরো মূল্য পেয়ে যান, কিন্তু ব্যাংক কার্ডধারীর কাছ থেকে নির্ধারিত মেয়াদে মাসিক কিস্তিতে অর্থ আদায় করে। উল্লেখ্য, ব্যাংকের পক্ষ থেকে EMI-তে রূপান্তরের জন্য কোনো অতিরিক্ত চার্জ আরোপ করা হয় না।

### ২. 0% EMI মানে কি?

উত্তর: 0% EMI মানে গ্রাহক শুধু পণ্যের দামই দেবেন, বিক্রেতা বা ব্যাংকের কাছে আর কোনো অতিরিক্ত অর্থ দিতে হবে না।

### ৩. EMI সুবিধাটি কার জন্য প্রযোজ্য এবং মেয়াদ কত?

উত্তর: EMI সুবিধা সব ধরনের খিদমাহ কার্ডধারীর জন্য প্রযোজ্য এবং সুবিধাটি সাধারণত ৩ থেকে ৩৬ মাস পর্যন্ত হয়ে থাকে।

### ৪. EMI কোথায় কোথায় পাওয়া যাবে?

উত্তর: সারাদেশে ৪০০+ অনুমোদিত EMI মার্চেন্টের মাধ্যমে এই সুবিধা পাওয়া যায়।

### ৫. EMI সুবিধা গ্রহণের জন্য সর্বনিম্ন কত টাকা লেনদেন করতে হয়?

উত্তর: ১০,০০০ টাকা বা তার বেশি টাকার যেকোনো ক্রয় EMI-তে রূপান্তরযোগ্য।

### ৬. মার্চেন্টের EMI-এর জন্য অতিরিক্ত দাম রাখতে পারে কি?

উত্তর: না, পণ্যের লেবেলড/প্রচলিত মূল্যের বেশি কোনো মূল্য EMI নেওয়ার অজুহাতে দাবি করা শরিয়াহ বিরোধী এবং IBBPLC-এর নীতি পরিপন্থী।

### ৭. IBBPLC-এর EMI সুবিধা গ্রহণে গ্রাহক কীভাবে উপকৃত হবেন?

উত্তর: IBBPLC-এর EzzyBuy (0% EMI) সুবিধার মাধ্যমে গ্রাহক যেসব উপকার পেতে পারেন:

- ✓ বড় অঙ্কের পণ্য/সেবা সহজেই কিস্তিতে কেনা যায়।
- ✓ 0% EMI থাকায় অতিরিক্ত কোনো চার্জ নেওয়া হয় না।
- ✓ মাসিক কিস্তিতে মূল্য পরিশোধে আর্থিক চাপ কমে।
- ✓ পণ্যের দাম নির্ধারিত মূল্যের বেশি নেওয়া হয় না, ফলে গ্রাহকের লেনদেন হয় শরীয়াহ সম্মত।
- ✓ দেশের প্রায় সব ধরনের পণ্যে ও সেবায় EMI সুবিধা বিদ্যমান, যেমনঃ গাড়ি, ইলেক্ট্রনিক্স, ই-কমার্স, শিক্ষা, স্বাস্থ্যসেবা, আসবাবপত্র, মোবাইল, গতনা, ভ্রমণ, হোটেল, কম্পিউটার, ক্যামেরা, স্পোর্টস সামগ্রী ইত্যাদি।

### ৮. আরও তথ্যের জন্য:

আমাদের আয়েবসাইট, মাসিক খিদমাহ কার্ড বিলের সংযুক্তি দেখতে পারেন

অথবা কল করুন: ১৬২৫৯